শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

*ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified*

মুজিব শতবর্ষ MUJIB 100

আর্থিক মনিটরিং (দঃ অঃ) পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, ঢাকা-১২২৯ ।
ফোন নং- ০২-৮৯০০৪৯৯
e-mail:rebfmt@yahoo.com

স্মারক নং- ২৭.১২.০০০০.১৭২.০৪.০০০.২০. ১৯১ তারিখঃ ২৯/০৩/২০২০ খ্রিঃ

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
সকল পবিস।

## "সার্কুলার"

নোভেল করোনা ভাইরাস সংক্রমনের প্রেক্ষাপটে দূর্যোগকালীন সময়ে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের মিটার রিডিং গ্রহণ, বিদ্যুৎ বিল প্রণয়ন ও গ্রাহক প্রান্তে বিদ্যুৎ বিল বিতরণ এবং বিল পরিশোধের প্রক্রিয়া সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

(ক) গ্রাহকগণের বিল আদায়ের জন্য কোনো বাড়াবাড়ি করা যাবে না।

(খ) আবাসিক শ্রেণির গ্রাহকের ক্ষেত্রে গত বছরের একই সময়/একই মাসের ব্যবহারের ভিত্তিতে গড় বিল করতে হবে।

(গ) বিল প্রণয়নের ক্ষেত্রে বিদ্যমান বিলিং সাইকেল অনুসরণ করতে হবে।

(ঘ) বিদ্যুৎ বিলের উপর সীল মেরে **"আপনার অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। আপনার গত বছরের একই সময়/একই মাসের বিদ্যুৎ ব্যবহারের ভিত্তিতে গড় বিল প্রণয়ন করা হলো। কোনো অসঙ্গতি থাকলে পরবর্তীতে তা সংশোধন/সমন্বয় করা হবে।"** উল্লেখ করে গ্রাহকগণকে অবহিত করতে হবে।

(ঙ) গ্রাহক ইচ্ছা পোষণ করলে টেলিটক, বিকাশ, রকেট, গ্রামীণ, রবি, শিওর ক্যাশ, ইউ ক্যাশ ও মাই ক্যাশ ব্যবহার করে মোবাইলের মাধ্যমে/রিচার্জ পয়েন্ট থেকে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন।

(চ) নোভেল করোনা ভাইরাস সংক্রমনের প্রেক্ষাপটে দূর্যোগকালীন সময়ে গ্রাহক প্রান্তে সার্বক্ষণিক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু রাখার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক গৃহীত বিভিন্ন ব্যবস্থা উল্লেখপূর্বক মসজিদের ইমামগণের মাধ্যমে গ্রাহকগণের মাঝে লিফলেট বিতরণ করতে হবে (কপি সংযুক্ত-২ পৃষ্ঠা)।

(ছ) আবাসিক গ্রাহক ব্যাতিত অন্যান্য গ্রাহকগণের মিটার রিডিং ও বিলিং কার্যক্রমে বর্তমানে প্রচলিত পদ্ধতি বহাল থাকবে।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নির্বাহী কমিটির ১২/২০২০তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে এ সার্কুলার জারি করা হলো।

২৯/৩/2020
(মোঃ হোসেন পাটোয়ারী)
পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব)/নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৪। প্রধান প্রকৌশলী (পওপ/প্রকল্প), বাপবিবো, ঢাকা।
০৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিচালন, রক্ষাবেক্ষণ ও বিতরণ/পরিকল্পনা ও ডিজাইন), বাপবিবো, ঢাকা।
০৬ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনার্জি অডিট এ্যান্ড ট্যারিফ কার্যালয়, বাপবিবো, ঢাকা।
০৭। পরিচালক, পবিস নিরীক্ষা পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৯। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
১০। একান্ত সচিব, সদস্য (প্রশাসন/অর্থ/সমিতি ব্যবস্থাপনা/পরিকল্পনা ও উন্নয়ন/বিতরণ ও পরিচালন), বাপবিবো, ঢাকা।

সংযুক্তি ১/২

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

নির্বাহী পরিচালক এর দপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
খিলক্ষেত, ঢাকা-১২২৯
ফোন-৮৯০০৩০৬

SO 9001, ISO14001 &
SO 45001 Certified

স্মারক নং-২৭.১২.০০০০.০০৭.১৮.১০২(১৯).২০.১৪৪

তারিখ ঃ ১৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ।
২৯ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
সকল পল্লী বিদ্যুৎ সমিতি

**বিষয় ঃ লিফলেট বিতরণ প্রসংগে।**

এতদসংগে সংযুক্ত একটি লিফলেট এর নমুনা প্রেরণ করা হলো। বিশ্বব্যাপী করোনাভাইরাস সংক্রমনের প্রেক্ষাপটে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখার জন্য গ্রাহকদের সহযোগিতা প্রাপ্তির লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ জানানো হলো ঃ

(১) আপনার এলাকার আওতাধীন মসজিদসমূহের সংখ্যা অনুযায়ী সংযুক্ত নমুনা লিফলেটটি প্রয়োজনীয় সংখ্যক প্রিন্ট/ফটোকপি করবেন;

(২) অতপর খামের উপর মসজিদের ঠিকানা লিখে উক্ত লিফলেট এর একটি করে কপি ইমাম সাহেবের নিকট পৌঁছানোর ব্যবস্থা করবেন।

২। চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে।

২৭/৬/২০২০

(মুহাম্মদ মতিউর রহমান)
নির্বাহী পরিচালক

সংযুক্তি ২/২

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

# (লিফলেট)

সম্মানিত ইমাম সাহেব,

১। আস্সালামু আলাইকুম। বিশ্বব্যাপী করোনাভাইরাস সংক্রমনের প্রেক্ষাপটে সরকার ২৬ মার্চ ২০২০ হতে ০৪ এপ্রিল ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষণা করেছেন। এ সময়ে উক্ত সংক্রমন হতে নিরাপদ থাকার জন্য সকলকে নিজ নিজ বাসস্থানে অবস্থান করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

২। এই দূর্যোগকালীণ সময়ে এবং পরবর্তী সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা একান্ত অপরিহার্য। পল্লী বিদ্যুতায়ন বোর্ড তথা পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সার্বিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এ লক্ষ্যে সমিতির সকল অফিস (সদর দপ্তর, জোনাল অফিস, সাব জোনাল অফিস, এরিয়া অফিস, অভিযোগ কেন্দ্র) এর নিজস্ব প্রাঙ্গনে এবং নিকটবর্তী স্থানে প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত রেখেছে, যাতে বিদ্যুৎ সরবরাহে কোন বিঘ্ন ঘটলে দ্রুততার সাথে উহা নিরসন করা সম্ভব হয়। এ লক্ষ্যে পবিবো ও পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা দেয়া হয়েছে।

৩। দেশের এই দূর্যোগকালীন সময়ে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য গ্রাহকদের নিকট হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রয়োজন। বিদ্যুৎ সরবরাহে সমস্যা হলে সাথে সাথে নিকটস্থ অফিসে অথবা সমিতির হট লাইন নম্বরে যোগাযোগ করা প্রয়োজন। এ জন্য সমিতিগুলোর পক্ষ হতে আপনাদের নিকট সমিতির অভিযোগ কেন্দ্রের নম্বর এবং হট লাইন নম্বর বিভিন্ন মাধ্যমে (স্থানীয় পত্রিকায়, লিফলেট, টিভি স্ক্রল ইত্যাদি) অবহিত করা হয়েছে।

৪। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ব্যবস্থা সচল রাখার জন্য বিদ্যুৎ ব্যবহারের পরিমান সমিতিকে অবহিতকরণ এবং গ্রাহক প্রান্ত হতে উহার বিল পরিশোধের বিষয়টি গুরুত্বপূর্ণ। আপনি সমাজের একজন সম্মানীত, সচেতন ও নেতৃস্থানীয় ব্যক্তি বিধায় আপনার মাধ্যমে প্রয়োজনীয় সহযোগিতা কামনা করছি। বিষয়টি মুসল্লিগণকে দয়া করে অবহিত করার জন্য বিনীত অনুরোধ করছি। মহান আল্লাহ্ আমাদের সহায় হউন এভং করোনাভাইরাস থেকে আমাদের সকলকে মুক্ত রাখুন।

আপনারই একান্ত

মেজর জেনারেল মঈন উদ্দিন (অবঃ)
চেয়ারম্যান
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড